

৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪

অনলাইন মনোনয়নপত্র দাখিলের সময় রিটার্নিং/সহকারী রিটার্নিং অফিসারের নিকট জমা প্রদানে করণীয়

নোটিশ বোর্ড

অনলাইনে মনোনয়নপত্র দাখিল

- অফিস আদেশ/অন্যান্য নোটিশ
- বিদেশ ভ্রমণ

নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে মনোনয়নপত্র দাখিল করতে হইবে; অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিলের জন্য কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইটের সংশ্লিষ্ট লিংকে www.ecs.gov.bd (পোর্টাল) প্রবেশ করিয়া রেজিস্ট্রেশন করিতে পারিবেন, রেজিস্ট্রেশন সম্পন্ন হইবার পর পোর্টালে লগইন করিয়া মনোনয়নপত্র পূরণ ও দাখিল করিতে পারিবেন; এইক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

জামানতের অর্থের পরিমাণ ও চালানের কোড নম্বর

উপজেলার নাম	ভোটার সংখ্যা	নির্বাচনী ব্যয়সীমা (সর্বোচ্চ)	পদের নাম ও জামানতের পরিমাণ		জমাদানের কোড
মুক্তাগাছা	৩৬৯০৩৫	নির্বাচনী ব্যয়: ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ টাকা)	চেয়ারম্যান	১,০০,০০০/-	৬/০৬০১/০০০১/৮৪৭৩ অথবা ১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১
			ভাইস চেয়ারম্যান	৭৫,০০০/-	
			মহিলা ভাইস চেয়ারম্যান	৭৫,০০০/-	

ভোটার তালিকার সিডি ক্রয়ের অর্থের পরিমাণ ও চালানের কোড নম্বর

উপজেলা	ইউনিয়ন/পৌরসভা	টাকার পরিমাণ		জমাদানের কোড
মুক্তাগাছা	প্রতি ইউনিয়ন এবং পৌরসভার প্রতি ওয়ার্ড ৫০০/- টাকা হারে	মুক্তাগাছা	৯৫০০/-	১০৬-০১০১-১০০১২৫-১৪২৩২৫৩ (নতুন কোড) অথবা ১/০৬০১/০০০১/২৬৩১ (পুরাতন কোড)

একনজরে অনলাইনে মনোনয়নপত্র দাখিলের নির্দেশনাবলী:

- ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের সকল মনোনয়নপত্র আবশ্যিকভাবে Online এ জমা দিতে হবে। অর্থাৎ নির্বাচন অফিস হতে মনোনয়নপত্র গ্রহণ বা দাখিল করার প্রয়োজন নেই, শুধুমাত্র মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের দিনে রিটার্নিং অফিসারের নিকট প্রয়োজনীয় সকল দলিলসহ জমা দিতে হবে;
- নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বামপাশে নোটিশ বোর্ডে প্রাপ্ত “অনলাইনে মনোনয়নপত্র দাখিল” লিংকে প্রবেশ করে নির্বাচনের ধরণ উল্লেখ করে পদ, বিভাগ, জেলা, উপজেলা, জন্ম তারিখ, NID, মোবাইল নম্বর, E-mail id দিয়ে Registration বোতাম চাপলে প্রার্থীর Live Fac Recognition দিয়ে নিবন্ধন শেষ করতে হবে। এরূপ নিবন্ধন শেষে প্রত্যেক প্রার্থীকে একটি ID ও Password প্রদান করা হবে। এরপর এই ID ও Password ব্যবহার করে পর্যায়ক্রমে Online Nomination Paper পূরণ, প্রয়োজনীয় দলিল পত্র সংযুক্ত করে Submit করে এক কপি প্রিন্ট করে নিতে হবে;
- অনলাইন মনোনয়নপত্র দাখিলের সময় প্রার্থী, প্রার্থীর প্রস্তাবকারী ও সমর্থনকারীকে স্ব স্ব NID কার্ডসহ স্বশরীরে উপস্থিত থাকতে হবে। সবার Face Recognition করে মনোনয়নপত্রের সংশ্লিষ্ট অংশ পূরণ করতে হবে;
- Online Nomination Paper পূরণ করতে প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকের NID No ও ভোটার নম্বর (১২ সংখ্যা বিশিষ্ট) প্রয়োজন হবে। এজন্য পূর্বেই উপজেলা নির্বাচন অফিস থেকে নির্ধারিত ফি জমা দিয়ে সর্বশেষ ভোটার তালিকার CD সংগ্রহ করতে হবে। উল্লিখিত তিনজনের সংশ্লিষ্ট পাতা প্রিন্ট করে নিয়ে দেখে অত্যন্ত সতর্কতার সাথে এই তথ্যগুলি পূরণ করতে হবে;
- আয়কর:** আয়কর আইন, ২০২৩ অনুযায়ী দাখিলকৃত আয়কর রিটার্নের প্রত্যয়িত অনুলিপি এবং রিটার্ন দাখিলের প্রমাণপত্র স্ক্যান করে pdf আকারে সংযুক্ত করতে হবে এবং হার্ডকপির সাথে জমা দিতে হবে;
- হলফনামা:** তিনশত (৩০০/-) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প প্রয়োজনীয় তথ্য সম্বলিত হলফনামা Online এ Entry করে pdf আকারে সংযুক্ত করতে হবে এবং হার্ডকপির সাথে জমা দিতে হবে;
- জামানত:** জামানত নির্ধারিত কোডে জমা করে pdf আকারে কপি সংযুক্ত করতে হবে ও মূলকপি হার্ডকপির সাথে জমা দিতে হবে। এছাড়া Online System এ Mobile Banking দ্বারাও জামানত জমা দেওয়া যাবে;
- ভোটার তালিকার সিডি ক্রয়:** ভোটার তালিকার CD ক্রয় টাকা নির্ধারিত কোডে জমা করে উক্ত চালানের মূলকপি উপজেলা নির্বাচন অফিসে জমা দিয়ে ভোটার তালিকার CD ক্রয় করতে হবে। এই চালানের ফটোকপি Online Nomination Submission এর সময় pdf আকারে সংযুক্ত করতে হবে;
- নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য যেকোনো তফসিলি বাণিজ্যিক ব্যাংকে একটি **নতুন একাউন্ট** খুলতে হবে। নির্বাচনি সকল ব্যয় একই একাউন্টের মাধ্যমে করতে হবে।
- প্রার্থীর সম্ভাব্য আয়ের উৎস ও ব্যয়ের বিবরণী (**ফরম-৮**) অনলাইনে সঠিকভাবে এন্ট্রি করতে হবে ও সংযুক্ত করতে হবে;

বি: দ্র: হার্ড কপি জমাদান:

অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র মুদ্রণ করে প্রার্থী, প্রস্তাবকারী, সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরপূর্বক প্রয়োজনীয় দলিলাদি (হলফনামা, জামানত হিসেবে জমাকৃত অর্থের মূল ট্রেজারী চালান, ভোটার তালিকার সিডি ক্রয় বাবদ জমাকৃত অর্থের ট্রেজারী চালানের কপি, দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সর্বশেষ আয়বর্ষে দাখিলকৃত আয়কর রিটার্নের প্রত্যয়িত অনুলিপি ও আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র, প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর NID কপি ও ভোটার তালিকার সংশ্লিষ্ট পৃষ্ঠার মুদ্রিত কপি, রাজনৈতিক দলের মনোনিত প্রার্থী হলে তার প্রমাণপত্র, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ইত্যাদি) সংযুক্ত করে মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের পূর্বেই রিটার্নিং অফিসারের নিকট সকল কাগজের মূল কপি ০১ (এক) সেট এবং A4 Size কাগজে ০৩ (তিন) সেট ফটোকপি জমা দিতে হবে।